

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৭৬

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطُّهَارَةِ)

পরিচ্ছেদঃ ওযূর সময় নাকে পানি দেওয়ার বিবরণ

ذكر وصف الاستنشاق للمتوضئ إِذَا أَرَادَ الْوُضُوءَ

الحسان على صحيح ابن حبان

আরবী

1076 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا حِبَّانُ بْنُ مُوسَى قَالَ: أَخْبَرَنَا زَائِدَةُ بْنُ قُدَامَةَ قَالَ: حَدَّثَنَا خَالِدُ بْنُ عَلْقَمَةَ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ خَيْرِ قَالَ: دَخَلَ عَلِيٌّ ـ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِ ـ الرَّحَبَةَ بَعْدَمَا صِلَّى الْفَجْرَ فَجَلَسَ فِي الرَّحَبَةِ ثُمَّ قَالَ لِغُلَام: انْتِنِي بطَهُورٍ فَأَتَاهُ الْغُلَامُ بِإِنَاءٍ فِيهِ مَاءٌ وَطَسْت قَالَ عَبْدُ خَيْرٍ: وَنَحْنُ جُلُوسٌ نَنْظُرُ إِلَيْهِ قَالَ: فَأَخَذَ بِيَدِهِ الْيُمْنَى الْإِنَاءَ فَأَفْرَغَ عَلَى يَدِهِ الْيُسْرَى [ثُمَّ غَسَلَ كَفَّيْهِ ثُمَّ أَخَذَ بِيَدِهِ الْيُمْنَى الْإِنَاءَ فَأَفْرَغَ عَلَى يَدهِ الْيُسْرَى] _ كُلُّ ذَلِكَ لَا يُدْخِلُ يَدَهُ فِي الْإِنَاءِ حَتَّى غَسَلَهُمَا ثَلَاثَ مَرَّات _ ثُمَّ أَدْخَلَ يَدَهُ الْيُمْنَى قَالَ: فَتَمَضْمَضَ وَاسْتَنْشَقَ وَنَثَرَ بِيَدِهِ الْيُسْرَى _ فَعَلَ هَذَا ثَلَاثَ مَرَّاتٍ _ ثُمَّ غَسَلَ وَجْهَهُ ثَلَاثَ مَرَّاتِ ثُمَّ غَسَلَ يَدَهُ الْيُمْنَى ثَلَاثَ مَرَّاتِ إِلَى الْمِرْفَق ثُمَّ غَسَلَ يَدَهُ الْيُسْرَى إِلَى الْمِرْفَق ثَلَاثَ مَرَّاتِ ثُمَّ أَدْخَلَ يَدَهُ الْيُمْنَى فِي الْإِنَاءِ حَتَّى غَمَرَهَا ثُمَّ رَفَعَهَا بِمَا حَمَلَتْ مِنْ مَاءٍ ثُمَّ مَسَحَهَا بِيَدِهِ الْيُسْرَى ثُمَّ مَسَحَ رَأْسَهُ بِيَدَيْهِ كِلْتَيْهِمَا مَرَّةً وَاحِدَةً ثُمَّ صَبَّ بِيَدِهِ الْيُمْنَى ثَلَاثَ مَرَّات عَلَى قَدَمِهِ الْيُمْنَى ثُمَّ غَسَلَهَا بِيَدِهِ الْيُسْرَى ثُمَّ صَبَّ بِيَدهِ الْيُمْنَى عَلَى قَدَمِهِ الْيُسْرَى ثَلَاثَ مَرَّات ثُمَّ غَسَلَهَا بِيَدهِ الْيُسْرَى ثُمَّ أَدْخَلَ يَدَهُ فِي الْإِنَاءِ فَغَرَفَ بِكَفِّهِ فَشَرِبَ مِنْهُ ثُمَّ قَالَ: هَذَا طَهُورُ نَبِيِّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَمَنْ أُحَبَّ أَنْ يَنْظُرُ إِلَى طَهُورِ نَبِيِّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم فهذا طهوره. الراوي: عَبْدُ خَيْرِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات

الصفحة أو الرقم: 1076 ا خلاصة حكم المحدث:. صحيح.



১০৭৬. আব্দু খাইর বলেন, একবার আলী রাদ্বিয়াল্লাহু আনহু ফজরের সালাত আদায় করে আঙ্গিনায় প্রবেশ করে সেখানে বসেন। তারপর তিনি এক গোলামকে বলেন, "আমার কাছে ওয়র পানি নিয়ে আসো।" অতঃপর গোলাম পানিসহ একটি পাত্র নিয়ে আসলো। আব্দু খাইর বলেন, "এসময় আমরা তাঁর পাশে ছিলাম, আমরা তাকিয়ে দেখছিলাম।" তিনি বলেন, "আলী রাদ্বিয়াল্লাহু আনহু ডান হাতে পাত্রটি গ্রহণ করেন অতঃপর বাম হাতে পানি ঢালেন, তারপর তিনি তার দুই হাত কবজি পর্যন্ত ধৌত করেন, তারপর তিনি ডান হাত দিয়ে পাত্রটি ধরেন অতঃপর তিনি বাম হাতের উপর পানি ঢালেন, যখনই তিনি পাত্রে হাত প্রবেশ করান, তখনই তিনি তা তিনবার ধৌত করেন- তারপর তিনি ডান হাত পাত্রে প্রবেশ করান, অতঃপর তিনি কুলি করেন ও বাম হাত দিয়ে তিনবার নাক ঝাড়েন। তারপর তিনি মুখ ধৌত করেন তিনবার, তারপর তিনি ডান হাত কনুই পর্যন্ত তিনবার ধৌত করেন, তারপর তিনি বাম হাত কনুই পর্যন্ত তিনবার ধৌত করেন, তারপর তিনি ডান হাত পাত্রে প্রবেশ করান, এমনকি তা ডুবিয়ে দেন, তারপর হাতে যা পানি ধারণ করে, তা সহ হাত উপরে তুললেন, তারপর ডান হাত দিয়ে তা মাসেহ করলেন অতঃপর উভয় হাত দিয়ে একবার মাথা মাসেহ করলেন। তারপর ডান হাত দিয়ে তিনবার ডান পায়ের উপর পানি ঢাললেন তারপর তিনি বাম হাত দিয়ে তা ধৌত করেন, তারপর ডান হাত দিয়ে তিনবার বাম পায়ের উপর পানি ঢাললেন তারপর তিনি বাম হাত দিয়ে তা ধৌত করেন। তারপর তিনি পাত্রে হাত প্রবেশ করান, এবং এক অঞ্জলি ভরে পানি নেন অতঃপর তা পান করেন। তারপর তিনি বলেন, "এটি হলো রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ওয়। কাজেই যে ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ওয়ু দেখতে ভালবাসে, সে জেনে রাখুক যে, এটাই হলো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ওয় ৷"[1]

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ১/৪৭; আবূ দাউদ: ১১২; নাসাঈ: ১/৬৭; সহীহ ইবনু খুয়াইমাহ: ১৪৭; বাগাবী, শারহুস সুনাহ: ২২২; মুসানাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৮; মুসনাদ আহমাদ: ১/১২২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১০১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদু খায়ের (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন